54

দৈনিক ইত্তেফাক

তারিখ 29 JAN 1996
পৃষ্ঠা ১২ কলাম ৫

# ডেন্টাল কলেজ খোলার দাবী

বিশ্ববিদ্যালয় রিপোর্টার ॥ গত ৩ মাস যাবত ঢাকা ডেন্টাল কলেজ বন্ধ রহিয়াছে। চিকিৎসা বিজ্ঞানের গুরুত্বপূর্ণ এই প্রতিষ্ঠানটি বন্ধ থাকার ফলে প্রায় ৫০ জন বিদেশী ছাত্রসহ কয়েক হাজার ছাত্র-ছাত্রীর শিক্ষা জীবন অনিশ্চিত হইয়া পড়িয়াছে। গতকাল (রবিবার) স্যার সলিমুল্লাহ মেডিকেল কলেজ শাখা ছাত্রদল, ছাত্রলীগ ও ছাত্রইউনিয়নের নেত্রবৃন্দ পৃথক বিবৃতিতে অবিলম্বে ডেন্টাল কলেজ খুলিয়া দেওয়ার দাবী জানাইয়াছেন। একই সাথে দুর্নীতিবাজ প্রশাসনের পরিবর্তন দাবী করিয়াছেন।